

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং: ১৩/১-১০(JRF&RA)/২০০২/২৪৬

তারিখ: ১৪-০৭-২০০২

বিজ্ঞপ্তি

বিষয়: ভারতে জুনিয়র রিসার্চ ফেলোশীপ ও রিসার্চ এসোসিয়েটশীপ-এর জন্য দরখাস্ত প্রসঙ্গে

ভারত সরকার প্রদত্ত জুনিয়র রিসার্চ ফেলোশীপ ও রিসার্চ এসোসিয়েটশীপ-এর অধীন ভারতীয় বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র.সং.	বৃত্তির নাম	অধ্যয়নের পর্যায়	বিষয়
(১)	জুনিয়র রিসার্চ ফেলোশীপ	ডক্টরেট- ৩ বৎসর	বিজ্ঞান, মানবিক ও সামাজিক
(২)	রিসার্চ এসোসিয়েটশীপ	পোস্ট ডক্টরাল-১ বৎসর	বিজ্ঞান বিষয়সমূহের জন্য।

- ২। বৃত্তির শর্তাবলী:
- (ক) জুনিয়র রিসার্চ ফেলোশীপের জন্য প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ বৎসর (মহিলাদের জন্য ৪০ বৎসর বয়স)
- (খ) রিসার্চ এসোসিয়েটশীপ-এর জন্য প্রার্থীর বয়স ১লা জুলাইতে অনূর্ধ্ব ৪৫ বৎসর (মহিলাদের জন্য ৫৫ বৎসর)
- (গ) রিসার্চ এসোসিয়েটশীপ-এর জন্য যাদের ডক্টরেট ডিগ্রী এবং প্রকাশিত গবেষণা কর্ম রয়েছে তারা আবেদন করতে পারবেন।
- (ঘ) বৃত্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভারতে যাওয়া-আসার ব্যয়ভার বহন করতে হবে।

২। আবেদনপত্রের ছক (ইরেজী)-তে নিম্নরূপ হবে:

ভারতীয় জুনিয়র রিসার্চ ফেলোশীপ ও রিসার্চ এসোসিয়েটশীপ ২০০২-২০০৩

প্রার্থিত কোর্সের নাম:

- (ক) প্রার্থীর নাম :
- (খ) পিতার নাম :
- (গ) বর্তমান ঠিকানা ও টেলিফোন নম্বর (যদি থাকে) :
- (ঘ) স্থায়ী ঠিকানা :
- (ঙ) জন্ম তারিখ ও ১-৭-২০০২ তারিখে বয়স :
- (চ) জাতীয়তা :
- (ছ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে বর্তমান পদবী ও যোগদানের তারিখসহ প্রতিষ্ঠানের নাম :
- (জ) সকল পরীক্ষার ফলাফল

পরীক্ষার নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	প্রাপ্ত মোট নম্বর	শতকরা হার

খ) গবেষণা কর্ম থাকলে তাঁর বিবরণ:

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের শর্তাবলী নিম্নরূপ:

- ১। একজন প্রার্থী যে কোন একটি পর্যায়ে ও একটি মাত্র বিষয়ের জন্য আবেদন করতে পারবেন। প্রার্থী সর্বশেষ যে বিষয়ে অধ্যয়ন করেছেন সেই বিষয়ের জন্যই আবেদন করতে পারবেন।
- ২। মানবিক/বাণিজ্য/বিজ্ঞান সকল বিভাগের প্রার্থীর ক্ষেত্রেই এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৩। আগামী ৩০-০৭-২০০২ তারিখের মধ্যে নির্ধারিত ছকে আবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করতে হবে। দরখাস্তের খামের উপর বৃত্তির নাম ও অধ্যয়নের পর্যায় উল্লেখ করতে হবে। দরখাস্তের সাথে সকল পরীক্ষা পাসের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি ও ১ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করে প্রেরণ করতে হবে।
- ৪। যে সকল প্রার্থী কোন পরীক্ষায় নম্বরের পরিবর্তে গ্রেড পেয়েছেন, তারা গ্রেডকে নম্বরে রূপান্তর করে ছকে দেখাবেন এবং এর স্বপক্ষে ভিন্ন কাগজে ক্যালকুলেশন দেখাতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এতদসংক্রান্ত প্রত্যয়নের সত্যায়িত কপিও দাখিল করতে হবে। অন্যথায় তা বিবেচনায় আনা হবে না।
- ৫। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ওলনার নাজমুন নাহার

সিনিয়র সহকারী সচিব

ভবন নং-৬, রুম নং-১৭০৬

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ফোন: ৮৬১৫০৩২